সংবাদ

তারিখ ... 28 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...



# কারিগরি শিক্ষা উন্নয়নে শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট গড়ে তোলা হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

কারিগরি শিক্ষার উন্নয়নে দক্ষ শিক্ষক গড়ে তুলতে দেশে শীঘ্রই একটি আধুনিক কারিগরি শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট গড়ে তোলা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

গতকাল সকালে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আসন্ন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষা ব্যবস্থাপনা বিষয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের করণীয় বিষয়ক কর্মশালায় তিনি এ কথা বলেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, কারিগরি শিক্ষার উন্নয়নে দক্ষ শিক্ষক গড়ে তুলতে দেশে শীঘ্রই একটি আধুনিক কারিগরি শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট গড়ে তোলা হবে। আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে কারিগরি শিক্ষার গুরুত্ব তুলে ধরে শিক্ষামন্ত্রী এই খাতকে উন্নত করতে সরকারের নেয়া বেশ কিছু পদক্ষেপের কথা তুলে ধরেন। এছাড়া ২০২১ সালের মধ্যে দেশের ৩০ শতাংশ শিক্ষার্থীকে কারিগরি শিক্ষার আওতায় আনার পরিকল্পনার কথাও জানান তিনি।

শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, অতিরিক্ত সচিব ড. আরুনা বিশ্বাস, মো. হেলাল উদ্দিন, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. জীনাত ইমতিয়াজ আলী ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. মোস্তাফিজুর রহমান বক্তৃতা করেন। কর্মশালায় দেশের সরকারি-বেসরকারি ২৫৮টি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্রসচিবগণ উপস্থিত ছিলেন।